



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbcfc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'র নতুন মহাব্যবস্থাপক মোঃ জাহিদুল হক



০৭.০৯.২০১৬ খ্রি. তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)-এর উপ-মহাব্যবস্থাপক মোঃ জাহিদুল হক-কে মহাব্যবস্থাপক হিসেবে পদায়ন করা হয়েছে।

মোঃ জাহিদুল হক রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ফাইন্যান্স ও ব্যাংকিং-এ অনার্সসহ ১ম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি বাংলাদেশ শিল্প ব্যাংকে (বর্তমান বিডিবিএল) সিনিয়র অফিসার হিসেবে ১৯৯০ সালে কর্মজীবন শুরু করেন। তিনি ১৯৯৫ সালে প্রিন্সিপাল অফিসার পদে বিএইচবিএফসি-তে যোগদানের পর প্রধান কার্যালয়ের বিভিন্ন উপ-বিভাগীয় ও বিভাগীয় প্রধান এবং জোনাল ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

জেড. এম. হাফিজুর রহমান
জনসংযোগ কর্মকর্তা (এ.জি.এম)
বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন